গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
(দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ)
দোহার, ঢাকা।

স্মারক নং ৫১.০১.২৬১৮.০০৪.৪২.০২৪.২৫- ৭৯ তারিখঃ ১২/০৩/২০২৫ খ্রিঃ।

বিষয়ঃ পবিত্র ঈদ-উল-ফিতর উপলক্ষ্যে উপজেলা ও পৌরসভাওয়ারী ভিজিএফ (চাল) এর উপ-বরাদ্দ প্রদান।

সূত্রঃ (ক) দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের স্মারক নং ৫১.০১.০০০০.০১৮.২০.০৩৬.২৪-৯৪ তারিখঃ ০৩/০৩/২০২৫ খ্রিঃ।
(খ) জেলা প্রশাসকের কার্যালয়, (দুর্যোগ ব্যবস্থাপনা শাখা), ঢাকা এর স্মারক নং-৫১.০১.২৬০০.০১৮.৪২.০২৯.২৪-১৬৭ তারিখঃ ১১/০৩/২০২৫ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২৪-২০২৫ অর্থ বছরে অত্র দোহার উপজেলায় পবিত্র ঈদ-উল-ফিতর উপলক্ষ্যে উপজেলা ও পৌরসভাওয়ারী ভিজিএফ কর্মসূচির আওতায় দুঃস্থ ও অতিদরিদ্র ব্যক্তি পরিবারের মাঝে কার্ড প্রতি ১০ (দশ) কেজি হারে খাদ্যশস্য সহায়তা প্রদানের লক্ষ্যে বরাদ্দ পাওয়া যায়। তন্মধ্যে দোহার উপজেলার জন্য ১,০৪০ টি কার্ডের বিপরীতে ১০.৪০০ মে.টন ও পৌরসভার জন্য ৪,৬২১ টি কার্ডের বিপরীতে ৪৬.২১০ মে.টন সর্বমোট ৫৬.৫৯০ মে.টন খাদ্যশস্য (চাল) বরাদ্দ পাওয়া যায়। এখানে আরো উল্লেখ্য যে প্রতি কার্ডের বিপরীতে ১০ (দশ) কেজি হারে বরাদ্দ প্রদান করা হয়েছে এবং আগামী ১৬/০৩/২০২৫ খ্রিঃ তারিখের মধ্যে বরাদ্দকৃত খাদ্যশস্যের বিতরণ নিশ্চিত করতে হবে। নিম্নে জনসংখ্যার ভিত্তিতে ইউনিয়ন/পৌরসভাওয়ারী উপ-বরাদ্দ প্রদান করা হলো।

## উপ-বরাদ্দ

| ক্র: নং | ইউনিয়নের নাম | উপ-বরাদ্দকৃত কার্ড সংখ্যা | উপ-বরাদ্দকৃত চালের পরিমাণ (মে.টন) | বিতরণের তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ | ০৬ |
| ০১ | নয়াবাড়ী | ৭৯ টি | ০.৭৯০ মে:টন | ১৬/০৩/২০২৫ খ্রিঃ | |
| ০২ | কুসুমহাটি | ১২২ টি | ১.২২০ মে:টন | ১৬/০৩/২০২৫ খ্রিঃ | |
| ০৩ | রাইপাড়া | ১৩৭ টি | ১.৩৭০ মে:টন | ১৬/০৩/২০২৫ খ্রিঃ | |
| ০৪ | সুতারপাড়া | ১৮৯ টি | ১.৮৯০ মে:টন | ১৬/০৩/২০২৫ খ্রিঃ | |
| ০৫ | নারিশা | ২১৩ টি | ২.১৩০ মে:টন | ১৬/০৩/২০২৫ খ্রিঃ | |
| ০৬ | মুকসুদপুর | ১৩০ টি | ১.৩০০ মে:টন | ১৬/০৩/২০২৫ খ্রিঃ | |
| ০৭ | মাহমুদপুর | ৯২ টি | ০.৯২০ মে:টন | ১৬/০৩/২০২৫ খ্রিঃ | |
| ০৮ | বিলাসপুর | ৭৮ টি | ০.৭৮০ মে:টন | ১৬/০৩/২০২৫ খ্রিঃ | |
| | মোট | ১,০৪০ টি | ১০.৪০০ মে:টন | | |

(কথায়ঃ দশ দশমিক চার শূন্য শূন্য) মে: টন।

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ০৯ | দোহার পৌরসভা | ৪,৬২১ টি | ৪৬.২১০ মে:টন | ১৬/০৩/২০২৫ খ্রিঃ | |

(কথায়ঃ ছেচল্লিশ দশমিক দুই এক শূন্য) মে: টন।

উপ-বরাদ্দকৃত কার্ডের বিপরীতে উপকারভোগীর তালিকা সংযুক্ত ছক মোতাবেক জরুরী ভিত্তিতে **উপজেলা/পৌরসভা ভিজিএফ কমিটি** কর্তৃক প্রণয়ন পূর্বক আগামী **১৩/০৩/২০২৫** খ্রিঃ তারিখে উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার কার্যালয়ে তালিকা দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

## তালিকা প্রণয়নের ক্ষেত্রে নিম্নোক্ত শর্তাবলি অবশ্যই অনুসরণ করতে হবেঃ

ক) বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর সর্বশেষ তথ্য অনুযায়ী ইউনিয়ন ও ওয়ার্ডভিত্তিক বরাদ্দকৃত ভিজিএফ কার্ড সংখ্যা পুন:বিভাজন করে তালিকা প্রস্তুত করতে হবে।

খ) দু:স্থ/অতিদরিদ্র ব্যক্তি/পরিবারকে এ সহায়তা প্রদান করতে হবে। তবে সাম্প্রতিক প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্ত দু:স্থ/অতিদরিদ্র ব্যক্তি/পরিবারকে অগ্রাধিকার দিতে হবে।

গ) মানবিক সহায়তা কর্মসূচি বাস্তবায়ন নির্দেশিকা ২০১২-২০১৩ এর ধারা-৬ অনুযায়ী নিম্নোক্ত শর্তাবলীর মধ্যে কমপক্ষে ০৪ (চার) টি শর্ত পুরণ করে এমন ব্যক্তি/পরিবার, দু:স্থ/অতিদরিদ্র বলে গণ্য হবে;

চলমান পাতা-০২

CamScanner

১। যে পরিবারের মালিকানায় কোন জমি নেই বা ভিটাবাড়ী ছাড়া কোন জমি নেই।
২। যে পরিবার দিন মজুরের আয়ের উপর নির্ভরশীল।
৩। যে পরিবার মহিলা শ্রমিকের আয় বা ভিক্ষাবৃত্তির উপর নির্ভরশীল।
৪। যে পরিবারে উপার্জনক্ষম পূর্ণবয়স্ক কোন পুরুষ সদস্য নেই এবং পরিবারটি অস্বচ্ছল;
৫। যে পরিবারে স্কুলগামী শিশুকে উপার্জনের জন্য কাজ করতে হয়।
৬। যে পরিবারে উপার্জনশীল কোন ব্যক্তি নেই।
৭। যে পরিবারের প্রধান স্বামী পরিত্যক্তা, বিচ্ছিন্ন বা তালাকপ্রাপ্তা মহিলা এবং অস্বচ্ছল।
৮। যে পরিবারে প্রধান অসচ্ছল মুক্তিযোদ্ধা।
৯। যে পরিবারে প্রধান অসচ্ছল ও অক্ষম প্রতিবন্ধি।
১০। যে পরিবার কোন ক্ষুদ্র ঋণ প্রাপ্ত হয় নি।
১১। যে পরিবার প্রাকৃতিক দুর্যোগের শিকার হয়ে চরম খাদ্য/অর্থ সংকটে পড়েছে।
১২। যে পরিবারের সদস্যরা বছরের অধিকাংশ সময় দু' বেলা খাবার পায় না।

ঘ) ইউনিয়ন/পৌরসভা ভিজিএফ কমিটি কর্তৃক প্রকাশ্য সভায় বর্ণিত তালিকা প্রণীত ও প্রত্যায়িত হতে হবে।

ঙ) ভিজিএফ উপকারভোগীদের তালিকা এমনভাবে করতে হবে যাতে কোন অবস্থাতেই একই পরিবারের একাধিক ব্যক্তি ভিজিএফ বরাদ্দ না পায়।

চ) বরাদ্দকৃত ভিজিএফ চাল অবশ্যই ট্যাগ অফিসারের উপস্থিতিতে বিতরণ নিশ্চিত করতে হবে।

ছ) বিতরণ শেষে ব্যয়ের প্রতিবেদন ০৫ (পাঁচ) কর্ম দিবসের মধ্যে অত্রফিসে প্রেরণ নিশ্চিত করতে হবে।

১২/৩/২৫
তানিয়া তাবাসসুম
সভাপতি
উপজেলা ও পৌরসভা মানবিক সহায়তা বাস্তবায়ন কমিটি
ও
উপজেলা নির্বাহী অফিসার
দোহার, ঢাকা।

প্রশাসক, দোহার পৌরসভা
প্রশাসক/প্যানেল চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল)
দোহার, ঢাকা।

স্মারক নং ৫১.০১.২৬১৮.০০৪.৪২.০২৪.২৫- ৭৯

তারিখঃ ১২/০৩/২০২৫ খ্রিঃ।

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরণ করা হলো।

০১। মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
০২। জেলা প্রশাসক, ঢাকা।
০৩। জেলা ত্রাণ ও পুর্নবাসন কর্মকর্তা, ঢাকা।
০৪। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক অফিসার, দোহার, ঢাকা।
০৫। উপজেলা...................... অফিসার ও ট্যাগ অফিসার ................ইউনিয়ন পরিষদ, দোহার, ঢাকা। ।
০৬। প্রশাসনিক কর্মকর্তা, ইউনিয়ন পরিষদ (সকল), দোহার, ঢাকা।
০৭। অফিস নথি।

১২/০৩/২৫
(মোঃ কুতুব উদ্দিন)
সদস্য সচিব
উপজেলা ও পৌরসভা মানবিক সহায়তা বাস্তবায়ন কমিটি
ও
উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার
দোহার, ঢাকা।

CamScanner